গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৪১.১-৪১১ তারিখঃ ২৪ শ্রাবণ ১৪২৬ / ০৮ আগস্ট ২০১৯

বিষয়ঃ কনটেম্পট পিটিশন নং-৩৮০/২০১৯ (রিট পিটিশন নং-৬৮২৯/২০১০ হতে উদ্ভুত) মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরত গৃহীত ব্যবস্থা সম্পর্কে টিএমইডি-কে অবহিতকরণ।

সূত্র: (১) মহামান্য হাইকোর্ট হতে প্রাপ্ত কনটেম্পট পিটিশন নং-৩৮০/২০১৯ (রিট পিটিশন নং-৬৮২৯/২০১০ হতে উদ্ভুত) মামলার রুলনিশি।
(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭৪.২৯.০০৭.১৫.৪০৪, তারিখ: ২১/১০/২০১৫ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুষ্টিয়া জেলার খোকসা উপজেলাধীন আমবাড়ী দাখিল মাদ্রাসাটি এমপিওভুক্তির জন্য শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত তালিকায় প্রকাশ করা হয়। পরবর্তীতে কোন কারণ দর্শানো ব্যতিরেখে একই মন্ত্রণালয়ের ১৬/৬/২০১০ তারিখের শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/২২৯ সংখ্যক স্মারকমূলে বর্ণিত প্রতিষ্ঠানটির নাম এমপিও তালিকা হতে বাতিল করা হয়।

২। ফলে উক্ত প্রতিষ্ঠানের সুপারিনটেনডেন্ট, জনাব মো: আবু নাসের কর্তৃক মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং-৬৮২৯/২০১০ মামলা দায়ের করা হয়। বিগত ১৯/৭/২০১২ তারিখে মাননীয় উচ্চ আদালত কর্তৃক প্রদত্ত রিট পিটিশন নং-৬৬২৯/২০১০ মামলার রায়/নির্দেশনার অংশবিশেষ নিম্নরূপ-

"The respondetns concerned are hereby directed to enlist the name of the petitioner Madrasha provided it complies with the requirements as provided in the Janabal Kathamo, 2010 within a period of 90 (ninety) days from date of receipt of the copy of this judgment and order.

৩। উক্ত রায়/নির্দেশনার বিরুদ্ধে সরকার পক্ষে সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং-২১০৩/২০১৪ মামলা দায়ের করা হলে মাননীয় আপিল আদালত কর্তৃক বিগত ২৬/৭/২০১৫ খ্রি: তারিখে নিম্নরূপ রায়/নির্দেশনা প্রদান করা হয়-

"The leave petition is out of time by 766 days but the explanation offered seeking condonation of delay is not at all satisfactory.

Accordingly, the Civil Petition for leave to appeal is dismissed as barred by limitation." ফলে মাননীয় হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত রিট মামলার রায় বহাল রয়ে যায়।

৪। উক্ত আপিল মামলার রায়ের আলোকে মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট মামলার রায় বাস্তবায়নের নিমিত্ত আরো অন্যান্য ২২টি প্রতিষ্ঠানের সাথে বর্ণিত প্রতিষ্ঠানটি এমপিওভুক্তির জন্য মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা বরাবর নির্দেশনা দিয়ে অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয় হতে ২১/১০/২০১৫ তারিখে সূত্রোক্ত (২) নং স্মারকমূলে পত্র জারি করা হয়। তৎপ্রেক্ষিতে মাউশি অধিদপ্তর কর্তৃক মে/২০১৬, সেপ্টেম্বর/২০১৬ এবং নভেম্বর/২০১৮ মাসে মোট তিনধাপে আলোচ্য প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের এমপিওভুক্ত করা হয়েছে মর্মে উক্ত প্রতিষ্ঠানের সুপার কর্তৃক ডিএমই বরাবর ১৩/০৬/২০১৯ তারিখের দাখিলকৃত আবেদনে দেখা যায়।

৫। বর্ণিত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের ২০০৯-২০১০ অর্থ বছর হতে এপ্রিল/২০১৬ মাস পর্যন্ত বকেয়া বেতন-ভাতাদি প্রাপ্তির জন্য গত ১৩/০৬/২০১৯ তারিখে ডিজি, ডিএমই বরাবর আবেদন দাখিল করা হয়।

৬। উক্ত আবেদনের আলোকে শিক্ষক-কর্মচারীদের বকেয়া প্রাপ্তির বিষয়ে প্রতিকার না পাওয়ায় পিটিশনার (জনাব মো: আবু নাসের) কর্তৃক বর্ণিত প্রতিষ্ঠানটি ২০০৯-২০১০ অর্থ বছর হতে এমপিও তালিকাভুক্তকরণের নির্দেশনা দাবী করে কনটেম্পট পিটিশন নং-৩৮০/২০১৯ (রিট পিটিশন নং-৬৮২৯/২০১০ হতে উদ্ভুত) মামলা দায়ের করা হয়েছে।

৭। বর্ণিত কনটেম্পট মামলায় জনাব মো: আলমগীর, সাবেক সচিব মহোদয়, টিএমইডি এবং জনাব মো: সফিউদ্দিন আহমেদ, ডিজি, ডিএমই-কে কনটেম্পটনর করা হয়েছে।

৮। গত ০৪/৭/২০১৯ তারিখে মাননীয় কনটেম্পট আদালত কর্তৃক শুনানী শেষে রিট পিটিশন নং-৬৮২৯/২০১০ মামলার ১৯/০৭/২০১২ তারিখের রায়/আদেশ অবমাননার দায়ে কনটেম্পটনরগণের বিরুদ্ধে কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না; সে মর্মে ১৮/০৭/২০১৯ তারিখে অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণ-কে নির্দেশনা প্রদান করা হয়েছে।

চলমান পাতা-০২

৯। এমতাবস্থায়, নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক-

(ক) কনটেম্পট পিটিশন নং-৩৮০/২০১৯ (রিট পিটিশন নং-৬৮২৯/২০১০ হতে উদ্ভুত) মামলায় নিজস্ব আইনজীবী দ্বারা জবাব প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট কনটেম্পট আদালতে দাখিলের ব্যবস্থা করা, প্রয়োজনে সংশ্লিষ্ট কনটেম্পট আদালতে সময় বৃদ্ধির জন্য আবেদন করা;

(খ) রিট পিটিশন নং- ৬৮২৯/২০১০ মামলার ১৯/০৭/২০১২ তারিখের রায়/আদেশ এবং আপিল নং- ২১০৩/২০১৪ মামলার বিগত ২৬/৭/২০১৫ খ্রি: তারিখের নির্দেশনা অনুযায়ী অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয় তথা মাউশিঅ কর্তৃক মে/২০১৬, সেপ্টেম্বর/২০১৬ এবং নভেম্বর/২০১৮ মাসে মোট তিনধাপে বর্ণিত প্রতিষ্ঠানের মোট ১৭ (সতের) জন শিক্ষক-কর্মচারীকে এমপিওভুক্ত করা হয়েছে এবং বর্তমানে এমপিও চালু রয়েছে বিষয়টি কনটেম্পট মামলার জবাবে উল্লেখ করা; অর্থাৎ মহামান্য আদালতের ১৯/৭/২০১২ তারিখের নির্দেশনা বাস্তবায়িত হয়েছে মর্মে জবাবে উল্লেখ করা;

(গ) কনটেম্পট মামলার জবাব দাখিলের নিমিত্ত সচিব মহোদয়ের স্বাক্ষরের জন্য ওকালতনামা প্রেরণ করা;

(ঘ) কনটেম্পট মামলার বিষয়ে ডিএমই এর নিজস্ব আইনজীবী দ্বারা নিয়মিত তদারকি করত: সার্বক্ষণিক হালনাগাদ অবস্থা টিএমইডিকে অবহিত করা;

(ঙ) রিট পিটিশন নং-৬৮২৯/২০১০ মামলার রায়ে বকেয়া প্রদান বিষয়ে কোন নির্দেশনা না থাকায় বকেয়া প্রদানের বিষয়টি বিবেচনা করার সুযোগ নেই মর্মে মহামান্য আদালতের গোচরে নেয়া;

১০। উল্লিখিত মতে ব্যবস্থা গ্রহণক্রমে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামি ২৫/০৮/২০১৯ তারিখের মধ্যে টিএমইডিকে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মিঞা) ৮/৮/১৯
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:
১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েভসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। অফিস কপি/মাস্টার কপি।